**যুব উন্নয়ন অধিদপ্তরের সাথে MoU ভুক্ত বিভিন্ন বেসরকারী প্রতিষ্ঠানের কার্যক্রমের পিরিয়ডিক অগ্রগতি বিষয়ক পর্যালোচনা সভার কার্যবিবরণী ঃ**

সভাপতি ঃ আনোয়ারুল করিম
মহাপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর।

তারিখ ও সময় ঃ ১৫-০৩-২০১৭খ্রিঃ সকাল ১১.০০টায়।

স্থান ঃ অধিদপ্তরের সম্মেলন কক্ষ।

প্রতিষ্ঠানের সদস্যবৃন্দের উপস্থিত বিবরণ ঃ পরিশিষ্ট- 'ক'।

সভাপতির অনুমতিক্রমে পরিচালক(প্রশিক্ষণ) সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। পারস্পরিক পরিচিতির মাধ্যমে সভার কাজের সূচনা হয়। এ পর্যায়ে উপ-পরিচালক(প্রশিক্ষণ) সভার বিষয়বস্তু উপস্থাপন করেন। সকলের স্বতঃস্ফূর্ত, প্রাণবন্ত আলোচনা এবং পরামর্শক্রমে প্রতিষ্ঠানভিত্তিক নিম্নবর্ণিত সুপারিশসমূহ গৃহীত হয়।

| নং | MoU স্বাক্ষরভুক্ত প্রতিষ্ঠানের নাম এবং MoU এর মেয়াদ | আলোচনা | সুপারিশ |
|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ |
| ০১ | সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ) ০৩-০২-১৪ হতে ৩১-০১-১৯ পর্যন্ত | প্রতিষ্ঠান কর্তৃক নির্বাচিত প্রশিক্ষনার্থীদের যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষণ কোর্সে অন্তর্ভুক্তি, প্রশিক্ষিতদের আত্মকর্মসংস্থানের লক্ষ্যে এসডিএফ কর্তৃক ঋণ প্রদান ও অন্যান্য সহায়তা প্রদান বিষয়ে আলোচনা হয়। এসডিএফ এর প্রতিনিধি জনাব উত্তম চৌধুরী স্পেশাল কোর্স পরিচালনার জন্য যুব উন্নয়ন অধিদপ্তরকে অনুরোধ জানান। স্পেশাল কোর্সের সমুদয় ব্যয়ভার বহনের সম্মতি ও সুস্পষ্ট প্রস্তাব পাঠানো হলে বিবেচনা করা যেতে পারে বলে আলোচিত হয়। | ১। প্রশিক্ষিতদের আত্মকর্মসংস্থানে নিয়োজিত করার লক্ষ্যে অধিক পরিমাণে ঋণ সহায়তা প্রদানের ব্যবস্থা গ্রহণ;<br>২। কোন কোন জেলায় কি কি বিষয়ে কতদিন ব্যাপী কোর্স পরিচালনার প্রয়োজন তার সুস্পষ্ট প্রস্তাবনা এসডিএফ কর্তৃপক্ষ পাঠাবে। |
| ০২ | পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) ০৪-০৩-২০১৪ | পিকেএসএফ এর প্রতিনিধি জানান ১৫-৩৪ বয়সী পুরুষ এবং মহিলাদের নিয়ে বিভিন্ন কর্মসূচী বাস্তবায়ন করা হচ্ছে। যুব ফোরাম গঠন করে কিছু এলাকায় যুব মেলার আয়োজন করা হয়েছে। বিভিন্ন কোম্পানিতে প্রশিক্ষিত যুবদের Job placement করা হয়েছে। পরিচালক(প্রশিক্ষণ) আলোচনায় অংশগ্রহণ করে বলেন যে, প্রতিষ্ঠানটির সাথে চুক্তির মেয়াদ ৩ বছর অতিক্রান্ত হলেও যুব দপ্তর কর্তৃক প্রশিক্ষিত যুবদের ঋণ সুবিধা প্রদানের লক্ষ্যে বিভিন্ন জেলায় কর্মরত সংগঠনের নাম ঠিকানা পাওয়া যায়নি ফলে চুক্তির উদ্দেশ্য ব্যাহত হয়েছে।<br>পিকেএসএফ এর চুক্তিতে সময়সীমা উল্লেখ না থাকায় এবং ইতোমধ্যে চুক্তির মেয়াদ ৩বছর অতিক্রান্ত হওয়ায় বিদ্যমান চুক্তির মেয়াদ ৩১-১২-১৭-তে উত্তীর্ণ হবে মর্মে মতামত ব্যক্ত করা হয়। | ১। বিভিন্ন জেলায় কর্মরত পিকেএসএফ এর সহযোগী প্রতিষ্ঠানের তালিকা, ফোকাল পার্সন এবং ফোন নং প্রদান ;<br>২। প্রশিক্ষিত যুবদের ঋণ সহায়তা প্রদানের লক্ষ্যে সহযোগী প্রতিষ্ঠানকে নির্দেশনা প্রদান ; এবং<br>৩। প্রতিষ্ঠানটি আগ্রহী হলে মেয়াদ নবায়নের লক্ষ্যে চুক্তির মেয়াদ পূর্তির পূর্বে নবায়নের প্রক্রিয়া গ্রহণ করার সুপারিশ গৃহীত হয়। |
| ০৩. | এসোসিয়েশন অব গ্রাসরুটস উইমেন এন্টারপ্রিনিয়ার্স বাংলাদেশ (এজিডাব্লিউইবি) ১৭-১১-২০১৪ খ্রিঃ হতে ০৩ বছর | প্রতিষ্ঠানটি কর্তৃক প্রদেয় প্রশিক্ষণের গুণগতমান নিয়ে কয়েকটি জেলা হতে প্রশ্ন উঠায় তা নিয়ে আলোচনা হয় এবং প্রশিক্ষণের গুণগতমান যথাযথ রাখার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। | ১। গুনগতমান অক্ষুন্ন রেখে প্রশিক্ষণ কোর্স পরিচালনা করা ;<br>২। প্রশিক্ষিত যুবদের কর্মসংস্থানে নিয়োজিতকরণের উদ্যোগ গ্রহণ করা। |

পাতা/২

| ০১ | ০২ | ০৩ | ০৪ |
|---|---|---|---|
| ০৪. | মডার্ন হারবাল গ্রুপ<br>২৩-০২-২০১৫ হতে পরবর্তী ০৩ বছর | মডার্ন হারবাল গ্রুপের প্রশিক্ষণ কোর্স বিশেষ করে কোর্স উদ্বোধন, সমাপনী এবং অতিথি বক্তা হিসেবে যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা ও উপজেলার কর্মকর্তাদের সম্পৃক্ততা নিশ্চিত করার বিষয়ে আলোচনা হয়। মডার্ন হারবাল গ্রুপের প্রতিনিধি জানান বেকার যুবদের হারবাল মেডিসিন, বিজনেজ লিডারশীপ এবং স্পোকেন ইংলিশ প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। উত্তীর্ণ প্রশিক্ষণার্থীদের আত্মকর্মসংস্থানে প্রকল্প গ্রহণ করা হয়ে থাকে। MoU শর্তানুযায়ী সুশৃংখলভাবে যুব উন্নয়ন অধিদপ্তরের সহযোগিতায় প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। | ১। যুব উন্নয়ন অধিদপ্তরের সাথে মর্ডান হারবাল গ্রুপের সম্পৃক্ততা আরো বাড়ানো প্রয়োজন এবং<br>৩। মডার্ন হারবাল কর্তৃক ছাপানো ক্যালেন্ডারে **''যুব উন্নয়ন বিভাগ পরিচালিত প্রশিক্ষণসমূহ''** লিখাটি যুব উন্নয়ন অধিদপ্তরের নামের সমার্থক হওয়ায় বিভ্রান্তি এড়াতে সেটি বাদ দেয়ার সুপারিশ গৃহীত হয়। |
| ০৫. | ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ<br>২১-০৮-২০১৬ হতে ০২ বছর | ওয়ার্ল্ড ভিশন এর প্রতিনিধি জনাব মোঃ রুহুল আমিন সরকার জানান দিনাজপুরে নকশী কাঁথা, ময়মনসিংহ জেলায় হাঁস-মুরগি পালন, পিরোজপুর জেলায় পেঁপে এবং কলা চাষের উপর প্রশিক্ষণ দেয়া হয়েছে।<br>উপ-পরিচালক(প্রশিক্ষণ) জানান, উক্ত প্রশিক্ষণে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাদের সম্পৃক্ততা আছে কিনা এবং এ সকল প্রশিক্ষণের সনদপত্র দেয়া হয়েছে কি না। পরিচালক (প্রশিক্ষণ) বলেন কোন কোন এলাকায় প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হচ্ছে তা পূর্বেই নির্ধারণ করা যেতে পারে। এ সকল কর্মকান্ডে স্থানীয় যুব উন্নয়ন কর্মকর্তাদের অধিক সম্পৃক্ত করা উচিত হবে। তাছাড়া প্রশিক্ষণপ্রাপ্তগণ কি কাজ করছেন এবং তাদের আয়ের সীমা কেমন তার দিকে নজর দিতে হবে। প্রশিক্ষণে গুনগতমান নিশ্চিত করতে হবে। যুব উন্নয়ন অধিদপ্তরের সাথে শুধুমাত্র রিসোর্স শেয়ার না করে বেকার যুবদের আত্মকর্মসংস্থান এবং Job Placement হচ্ছে কিনা সে বিষয়ে বিশেষ নজরদারী বাড়াতে হবে। | ১। কোন এলাকায় কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে তা পূর্বেই নির্ধারণ করে প্রশিক্ষণকালীন এবং প্রশিক্ষণোত্তর সংশ্লিষ্টদের আত্মকর্মসংস্থান কার্যক্রম যৌথভাবে পরিদর্শনের সুপারিশ গৃহীত হয়।<br>২। প্রশিক্ষণের গুনগত নিশ্চিত করা। বেকার যুবদের আত্মকর্মে সহায়ক এবং Job Placement বিষয়ে উদ্যোগ নেয়ার সুপারিশ গৃহীত হয়। |
| ০৬ | আইটি ভিশন সোসাইটি,<br>১৩-১০-২০১৪ হতে ০৫ বছর | আইটি ভিশন সোসাইটির সাইনবোর্ডে ''গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়'' লিখার বিষয়ে আলোচনা হয়। যুব উন্নয়ন অধিদপ্তর এবং মন্ত্রণালয়ের নাম এভাবে ব্যবহার না করার বিষয়ে অধিদপ্তরের পক্ষ হতে মতামত ব্যক্ত করা হয়। | ১। আইটি ভিশন সোসাইটি প্রশিক্ষণে প্রশিক্ষনার্থী বাছাই/নির্বাচনে যুব উন্নয়ন অধিদপ্তরের সম্পৃক্ততা বাড়ানো এবং সাইন বোর্ডে **''গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়''** লিখা বিভ্রান্তিমূলক বিধায় তা পরিহারের সুপারিশ গৃহীত হয়।<br>২। আইটি ভিশন সোসাইটির কার্যক্রম পর্যালোচনার জন্য ছোট পরিসরে প্রশিক্ষণ শাখার সাথে সভা করার জন্য সুপারিশ গৃহীত হয়। |
| ০৭ | WINROCK INTERNATIONAL,<br>১২-০৫-২০১৫ হতে ০৩ বছর | যুবসমাজের মধ্যে কৃষি ভিত্তিক প্রযুক্তি সম্প্রসারণ, বিশেষজ্ঞ ভলান্টিয়ারের মাধ্যমে প্রশিক্ষকদের প্রশিক্ষণ, বেকার যুবদের প্রশিক্ষণ, পারফরমেন্স গ্যাপ চিহ্নিত করা, ইন্টার্নশীপ কারিকুলাম ডেভেলপমেন্ট করা এবং ফ্রুটস ড্রাইং বিষয়ে ToT প্রদানের বিষয়ে আলোচনা হয়। | ১। দেশী-বিদেশী বিশেষজ্ঞদের দিয়ে প্রশিক্ষক প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ এবং<br>২। ToT প্রদানের জন্য কারিকুলাম ডেভেলপমেন্ট এর সুপারিশ গৃহীত হয়। |

পাতা/৩

| ০১ | ০২ | ০৩ | ০৪ |
|---|---|---|---|
| ০৮ | ব্র্যাক . জুন, ২০১২ হতে জুন, ২০১৫ পর্যন্ত ৩বছর | ব্র্যাক গণকেন্দ্রের আগ্রহী ও উৎসাহী যুব সদস্য-সদস্যাদের প্রশিক্ষণের জন্য অধিদপ্তরে নাম প্রেরণ, প্রশিক্ষণের জন্য পারস্পারিক যোগাযোগের ভিত্তিতে ভেন্যুর ব্যবস্থা, প্রশিক্ষণের জন্য উপকরণের ব্যবস্থা, ব্র্যাকের অধীনে কর্মসংস্থানের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান এবং ঋণ কর্মসূচিতে প্রশিক্ষিত যুবদের সহায়তা প্রদানের বিষয়ে আলোচনা হয়।<br>সভাপতি বলেন ব্রাক একটি বড় প্রতিষ্ঠান। যুবদের সেবাদানের ক্ষেত্র বাড়ানোর জন্য MoU করা হয়েছে। যুব উন্নয়ন অধিদপ্তরের একার পক্ষে যুবদের কাঙ্খিতমান ও পরিমানে সেবা প্রদান সম্ভব নয়। | ০১। ব্র্যাক এর নিজস্ব কর্মসূচীর মাধ্যমে প্রশিক্ষিত যুবদের ঋণ প্রদানের উদ্যোগ নেয়া এবং<br>০২। প্রতিষ্ঠানের সার্থে MoU মেয়াদ শেষ হওয়ায় নতুন প্রস্তাব পাঠানোর সুপারিশ গৃহীত হয়। |
| ০৯. | জনতা ব্যাংক লিমিটেড ২৪-১১-১৪ হতে ০৩ বছর | পরিচালক(প্রশিক্ষণ) আলোচনায় অংশগ্রহণ করে জানান যে, প্রতিষ্ঠানের চুক্তির মেয়াদ অতিক্রান্ত হতে চললেও প্রশিক্ষিত যুবদের ঋণ প্রদানে ব্যাংকের তরফে তেমন সাড়া পাওয়া যায়নি। এ বিষয়ে ফোকাল পয়েন্ট পর্যায়ের কয়েকটি সভাও অনুষ্ঠিত হয়েছে। তাতেও তেমন ফল আসেনি। জনতা ব্যাংকের প্রতিনিধি উপমহাব্যবস্থাপক জনাব নাছিমা আক্তার বলেন, ট্রেনিং শেষে সনদপত্র এবং আবেদনপত্র সঠিকতা বাছাই করার পর ব্যবস্থাপকগণ ঋণ দিতে পারেন। মহিলা উদ্যোক্তাদের প্রশিক্ষণ শেষে ঋণ গ্রহণ করে ঋণমূখী হতে সচেতন করতে হবে। কিভাবে অধিক ঋণ সুবিধা গ্রহণ করা যায় সে বিষয়ে সচেতন করতে হবে। প্রশিক্ষিত যুবদের জন্য ঋণ কর্মসূচি বাবদ চলতি বছরে ২৪ কোটি টাকা বরাদ্দ রয়েছে। উপ-পরিচালক (প্রশিক্ষণ) বলেন, ব্যাংকের নিয়ম-নীতি অনুসরণ করে ১০টি শাখাকে বাছাই করে ঋণ কর্মসূচি নিবিড় তদারকিতে চালু করা যেতে পারে। মহাপরিচালক মহোদয় বলেন উপজেলা নির্বাহী কর্মকর্তাকে এ বিষয়ে সংশ্লিষ্ট করা গেলে ফল পাওয়া যেতে পারে। | ১। প্রশিক্ষিত যুবদের ঋণ প্রদানে সরাসরি তদারকির লক্ষ্যে প্রস্তাবমতে জনতা ব্যাংক প্রতিনিধি কর্তৃক ১০টি শাখা নির্ধারণ করে তথায় বিশেষ নির্দেশনা প্রদান;<br>২। বাছাইকৃত শাখার তালিকা যুব দপ্তরে প্রেরণ এবং<br>৩। নির্বাচিত উপজেলার নির্বাহী কর্মকর্তাকে অনুরোধ পত্র প্রদানের সুপারিশ গৃহীত হয়। |
| ১০. | টিএমএসএস ০৩-০২-১৬ হতে ০২ বছর | টিএমএসএস এর প্রতিনিধি, সাজিয়া রুবিন বলেন, রংপুর, বরিশাল এবং ময়মনসিংহ বিভাগের ১৭টি জেলায় ন্যাশনাল হাউজহোল্ড প্রকল্পের প্রস্তুতিমূলক ডাটা কালেকশন প্রশিক্ষণ পরিচালনার জন্য বর্ণিত জেলার যুব প্রশিক্ষণ কেন্দ্রগুলোতে ৪৫ জনের বসার ব্যবস্থাসহ সকল লজিষ্টিক সাপোর্ট ও ভেন্যু প্রদানের লক্ষ্যে অনুরোধ জানিয়ে পত্র প্রদান করা হলেও কোন সাড়া পাওয়া যায়নি। যুব উন্নয়ন অধিদপ্তরের নিয়মিত প্রশিক্ষণ কার্যক্রমের ব্যঘাত না ঘটিয়ে সরকারী কার্যদিবসে ৯ টা হতে ৫ টার পরে অথবা ছুটির দিনে প্রস্তাবিত প্রশিক্ষণ প্রদান এবং প্রশিক্ষণের লজিষ্টিক সাপোর্ট এর স্বল্পতা রয়েছে বিধায় প্রত্যাশীকে তা বহন করার বিষয়ে আলোচনা হয়। | ১। সরকারী কার্যদিবসে অফিস ছুটির পর (৫টার পর) অথবা সরকারী ছুটির দিনে প্রশিক্ষণের জন্য ভেন্যু ব্যবহার করা যেতে পারে;<br>২। যাবতীয় প্রশিক্ষণ উপকরণ প্রত্যাশী সংস্থা কর্তৃক সরবরাহ করার সুপারিশ গৃহীত হয়। |
| ১১. | ফিজিক্যালি চ্যালেঞ্জড ডেভেলপমেন্ট ফাউন্ডেশন-(পিডিএফ) ১৫-০২-১৬ হতে ০১ বছর | পিডিএফ এর প্রতিনিধিকে জানানো হয়, MoU স্বাক্ষরিত হওয়ার পর যোগাযোগে ঘাটতি রয়েছে। প্রতিবন্ধীদের প্রশিক্ষণে অগ্রাধীকারের বিষয়টি জেলা/উপজেলায় পত্র দিয়ে নিশ্চিত করতে হবে। ।<br>সভাপতি বলেন, পিডিএফ কর্তৃক নির্বাচিত প্রতিবন্ধীদের জন্য মোবাইল ভ্যানে ১ মাস মেয়াদী প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। এছাড়াও অটিস্টিক, হিজড়া, সাবেক ছিটমহলবাসী, পাহাড়ী জনগোষ্ঠি যারা বেকার তাদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির জন্য ভর্তির ফি মওকুফ করে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। আগামীতে ৬৪টি জেলায় কম্পিউটার ল্যাব হবে। একসাথে কমবেশী করে তাদেরকে কম্পিউটার প্রশিক্ষণে সুযোগ করে দেয়া যাবে। | ১। স্থানীয়ভাবে পরিচালিত ট্রেডের সাথে সমন্বয় রেখে পর্যায়ক্রমে প্রশিক্ষণের জন্য সংশ্লিষ্ট জেলা/উপজেলায় তালিকা প্রেরণ করার সুপারিশ গৃহীত হয়। |

পাতা/৪

| ০১ | ০২ | ০৩ | ০৪ |
|---|---|---|---|
| ১২. | এডভান্সিং পাবলিক ইন্টারেস্ট ট্রাস্ট (এপিআইটি) ২২-০৮-১৬ হতে ০২ বছর | এডভান্সিং পাবলিক ইন্টারেস্ট ট্রাস্ট (এপিআইটি) এর প্রতিনিধি জানান ঢাকা বিশ্ববিদ্যালয় এবং জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়ের ১০ জন শিক্ষার্থীকে কর্মসংস্থান প্রাপ্তির লক্ষ্যে দক্ষতার সাথে সাক্ষাতকার প্রদান বিষয়ে পাটাতনের মাধ্যমে শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্র, সাভার, ঢাকায় একদিনের ওরিয়েন্টেশ প্রদান করা হয়েছে এবং তাদের Job placement এর সুযোগ করে দেয়া হচ্ছে। | ১। প্রশিক্ষিত এবং Job প্রাপ্তদের তালিকা দপ্তরে পাঠানোর সুপারিশ গৃহীত হয়। |
| ১৩. | সনদপত্র সংক্রান্ত | অধিদপ্তরের ১৯-০৮-২০১৫ তারিখের ৩৪.০১.০০০০.০২৭.০৫. ০৪৬.১৩-৪৪৫ স্মারকে সনদপত্রের নমুনা কপি প্রস্তুত করে MoU ভুক্ত প্রতিষ্ঠানের প্রেরণ করা হয়েছে। প্রস্তুতকৃত নমুনা অনুযায়ী সনদপত্র ছাপানো ও স্বাক্ষরের ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা হয়। | ১। নমুনা অনুযায়ী সনদপত্র ছাপানো এবং স্বাক্ষরের ব্যবস্থা গ্রহণের এবং<br>২। সনদপত্রের নমুনা পুনরায় অত্র দপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার সুপারিশ গৃহীত হয়(সংযুক্ত পরিশিষ্ট-'গ')। |
| ১৪. | সাধারণ আলোচনা | যুব উন্নয়ন অধিদপ্তরের এ বিষয়ক ডেস্ক কর্মকর্তা জনাব চায়না ব্যানার্জী জানান যে,<br>১। প্রতিষ্ঠানসমূহ হতে নিয়মিত প্রশিক্ষণসহ সার্বিক কর্মকাণ্ডের অগ্রগতির তথ্য পাওয়া যায় না।<br>২। তাছাড়া প্রতিষ্ঠানগুলোর সাথে যোগাযোগের জন্য ফোকাল পার্সন নির্ধারিত না থাকায় যোগাযোগের ক্ষেত্রে বিড়ম্বনায় পড়তে হয়। উপস্থিত বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ এ বিষয়ে মতামত প্রকাশ করে বলেন যে, রিপোর্ট প্রদানের জন্য নির্ধারিত ফরম এবং সময় নির্ধারণ থাকা উচিত। | ১। MoU ভুক্ত প্রতিষ্ঠানের অগ্রগতির প্রতিবেদন প্রেরণের জন্য অধিদপ্তর কর্তৃক একটি ফরমেট তৈরী করে সংশ্লিষ্টদের অবহিত করা;<br>২। মাসিক প্রতিবেদন প্রদান প্রক্রিয়া পরিহার করে ত্রৈমাসিক অর্থাৎ অক্টোবর, জানুয়ারি, এপ্রিল এবং জুলাই,মাসে প্রতিবেদন প্রেরণ এবং<br>৩। প্রতিবেদন অবশ্যই বর্ণিত মাস সমূহের ১০ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করার সুপারিশ গৃহীত হয়।<br>৪। প্রতিটি প্রতিষ্ঠানের জন্য একজন ফোকাল পার্সন নির্বাচন করে অধিদপ্তরকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ১৫ | অনুপস্থিত প্রতিষ্ঠানের তালিকা | ১। সেন্টার ফর চাইল্ড ডেভেলপমেন্ট বাংলাদেশ<br>২। বিজিএমইএ এবং বিইউএফটি<br>৩। Connect Consulting limited (CCL)<br>৪। Voluntary Service Overseas Bangladesh (VSOB)<br>৫। ক্যারিয়ার অস্ট্রেলিয়া<br>৬। কোর নলেজ লিমিটেড | পরবর্তী সভায় উপস্থিত থাকতে অনুরোধ জানানো হয়। |

সভাপতি মন্তব্য করেন যে, MoU হলো পারস্পরিক সহযোগিতার মাধ্যমে যার যার লক্ষ্য অর্জনের একটি রাস্তা। উভয় প্রতিষ্ঠানের মাধ্যমে টীম স্প্রীট নিয়ে কাজ করার মাধ্যমে অভিষ্ঠ লক্ষ্যে পৌছার জন্য এ চুক্তি প্রণীত হয়েছে। ৬ মাস অন্তর এধরনের আলোচনা সভার আয়োজন হতে পারে, এতে করে উভয় প্রতিষ্ঠানের সাথে নিবিড় যোগাযোগ স্থাপনের মাধ্যমে গুণগত লক্ষ্য অর্জন সম্ভব হবে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাধ জানিয়ে সভার কাজ শেষ করেন।

১৭/০৩/২০১৭

(আনোয়ারুল করিম)
মহাপরিচালক
ফোন নং- ০২-৯৫৫৯৩৮৯।

E-mail: dg@dyd.gov.bd



নথি নং-৩৪.০১.০০০০.০২৭.৩৮.২৭৩.১৬- ৮৮৮ ,                    তারিখ ঃ- ২০/০৪/২০১৭ খ্রিঃ

০১। পরিচালক--------------------------------(সকল), যুব উন্নয়ন অধিদপ্ত, ঢাকা।
০২। উপ-পরিচালক ---------------------------------- (সকল) যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৩। কম্পিউটার প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
০৪। জনাব----------------------------------------------------------------------
০৫। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, ........................................ সকল।
০৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা
০৭। অফিস কপি।

২০/৪/২০১৭
(চায়না ব্যানার্জী)
সহকারী পরিচালক(প্রশিক্ষণ)
ফোন ০২-৯৫৬৭৭৭১।

**পরিশিষ্ট-'ক' ঃ উপস্থিত তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে)। পরিশিষ্ট-'খ' ত্রৈমাসিক রিপোর্ট ফরমের নমুনা (সংযুক্ত)।**

| ক্রঃ নং | নাম ও পদবী | প্রতিষ্ঠানের নাম | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১. | জনাব সাজিয়া রুবিন, জুনিয়র এরিয়া ম্যানেজার | টিএমএসএস | ০১৬৮১৩২২৭৩৮ | স্বাক্ষরিত |
| ০২. | জনাব নাছিমা আক্তার, উপমহাব্যবস্থাপক | জনতা ব্যাংক | ০১৮১৯৪২৪৭৫৩ | স্বাক্ষরিত |
| ০৩. | জনাব রোজলীন্ড বাসবী হালদার | ওয়ার্ল্ডভিশন বাংলাদেশ | ০১৭৩০৭০০১৩৯ | স্বাক্ষরিত |
| ০৪. | ড. মোঃ রুহুল আমিন সরকার, প্রকল্প ব্যবস্থাপক | ওয়াল্ডভিশন বাংলাদেশ | ০১৭৩০৭২৮৩৫৪ | স্বাক্ষরিত |
| ০৫. | জনাব বাদল কুমার গোলজার<br>প্রজেক্ট ম্যানেজমেন্ট স্পেশালিস্ট | WINROCK INTERNATIONAL | ০১৭১৩১৮৫৩৪৯ | স্বাক্ষরিত |
| ০৬. | জনাব ড. মোঃ সামসুল কবির<br>এশিয়া ফার্মার-টু-ফার্মার রিজিওনাল ডাইরেক্টর | WINROCK INTERNATIONAL | ০১৭১১৫৩০৩০৫ | স্বাক্ষরিত |
| ০৭. | জনাব মেহনুর আলম কুমকুম<br>সিনিয়র এসএস, ব্র্যাক এডুকেশন প্রোগ্রাম | BRAC | ০১৭২৯০৭০৬৪৯ | স্বাক্ষরিত |
| ০৮. | জনাব মোঃ নাজরুল ইসলাম<br>সিনিয়র ম্যানেজার, ব্র্যাক এডুকেশন প্রোগ্রাম | BRAC | ০১৭২৯০৭০৪০০ | স্বাক্ষরিত |
| ০৯. | জনাব ডা. আহমেদ রেজা হাবিব | Modern harbal Group | ০১৬৭৮০৯৯৬০৪ | স্বাক্ষরিত |
| ১০. | জনাব মোঃ মামুন রশীদ<br>ভাইস প্রেসিডেন্ট, | ফিজিক্যালি চ্যালেঞ্জড ডেভেলপমেন্ট ফাউন্ডেশন-(পিডিএফ) | ০১৫৫৩৪৭৫৭৭৩ | স্বাক্ষরিত |
| ১১. | জনাব উত্তম চৌধুরী<br>অফিসার, ইয়থ এমপ্লয়মেন্ট প্রোগ্রাম | সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ) | ০১৯২৩৫১৯৬০১ | স্বাক্ষরিত |
| ১২. | জনাব মোঃ সহিদুল ইসলাম<br>ম্যানেজার, ইয়থ এমপ্লয়মেন্ট প্রোগ্রাম | সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ) | ০১৭১২৫২৯৫২২ | স্বাক্ষরিত |
| ১৩. | জনাব মোঃ আব্দুল সালাম মিয়া<br>পরিচালক প্রোগ্রাম | AGWEB | ০১৭১১৪৮০৬৪১ | স্বাক্ষরিত |
| ১৪. | জনাব মোঃ মাহবুব আলম<br>প্রকল্প পরিচালক | আইটি ভিশন সোসাইটি | ০১৮৩৯৯৩৩৫৫৫ | স্বাক্ষরিত |
| ১৫. | জনাব ইমদাদুল করিম<br>আইটি ভিশন সোসাইটি | আইটি ভিশন সোসাইটি | | স্বাক্ষরিত |
| ১৬. | জনাব সাবরিনা ইসলাম<br>সদস্য সচিব | এপিআইটি ফাউন্ডেশন | ০১৮৪১০১৮৬৬৫ | স্বাক্ষরিত |
| ১৭. | জনাব মোঃ ইউনুছ আলী,এক্সিকিউটিভ | মডার্ণ হারবাল গ্রুপ | ০১৯১৬২১৯৩৩৩ | স্বাক্ষরিত |
| ১৮. | জনাব ফরিদা ইয়াসমিন, উপ-পরিচালক | যুব উন্নয়ন অধিদপ্তর | ০১৯১৫৬৯৫২৪৩ | স্বাক্ষরিত |
| ১৯. | জনাব মোঃ আতিকুর রহমান<br>উপ-পরিচালক | যুব উন্নয়ন অধিদপ্তর | ০১৭১২৫২৮৭০১ | স্বাক্ষরিত |
| ২০. | জনাব দীপেন কুমার সাহা<br>সহকারী মহাব্যবস্থাপক | পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন | ০১৭১৪০৭২০৪১ | স্বাক্ষরিত |
| ২১. | জনাব খন্দকার মোঃ রওনাকুল ইসলাম<br>সহকারী পরিচালক | যুব উন্নয়ন অধিদপ্তর | ০১৭১২৫৬৮৮০৭ | স্বাক্ষরিত |

**পরিশিষ্ট-খ**

# যুব উন্নয়ন অধিদপ্তরের সাথে MOU স্বাক্ষরকারী প্রতিষ্ঠানের কার্যক্রমের ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন প্রেরণের নমুনা ছকঃ

প্রতিষ্ঠানের নামঃ------ প্রতিবেদনকাল :-----মাস হতে -------পর্যন্ত (১ম/২য়/৩য়/৪র্থ প্রান্তিক)............বছর।

| ক্রঃ নং | প্রশিক্ষণের বিষয় | কোর্সের মেয়াদ | প্রশিক্ষণ আয়োজনের ধরন | | বিবেচ্য প্রান্তিকে অর্জন | | | বছরের এ পর্যন্ত অর্জন | | | পুঞ্জীভূত অর্জন | | | প্রতিষ্ঠানভিত্তিক প্রেরণ সংখ্যা | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | নিজস্ব উদ্যোগ | অধিদপ্তরের মাধ্যমে | যুবপুরুষ | যুবনারী | মোট | যুবপুরুষ | যুবনারী | মোট | যুবপুরুষ | যুবনারী | মোট | প্রতিষ্ঠানকর্তৃক | যৌথভাবে |
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ | ০৮ | ০৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| ১ | ক. | | | | | | | | | | | | | | |
| ২ | খ. | | | | | | | | | | | | | | |
| ৩ | গ. | | | | | | | | | | | | | | |
| ৪ | ঘ. | | | | | | | | | | | | | | |
| ৫ | ঙ. | | | | | | | | | | | | | | |

| প্রতিষ্ঠানকর্তৃক প্রদত্ত সমর্থনের বিবরণ (ঋণ গ্রহণকারীর সংখ্যা যদি থাকে) | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ঋণ (জন) | চলমান | | | বছর | | | পুঞ্জীভূত | | |
| | যুবপুরুষ | যুবনারী | মোট | যুবপুরুষ | যুবনারী | মোট | যুবপুরুষ | যুবনারী | মোট |
| ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |

| আত্মকর্মসংস্থান | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| চলমান প্রান্তিক | | | বছর | | | পুঞ্জীভূত | | |
| যুবপুরুষ | যুবনারী | মোট | যুবপুরুষ | যুবনারী | মোট | যুবপুরুষ | যুবনারী | মোট |
| ২৭ | ২৮ | ২৯ | ৩০ | ৩১ | ৩২ | ৩৩ | ৩৪ | ৩৫ |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |

| Job placement | | | | | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| চলমান প্রান্তিক | | | বছর | | | পুঞ্জীভূত | | | |
| যুবপুরুষ | যুবনারী | মোট | যুবপুরুষ | যুবনারী | মোট | যুবপুরুষ | যুবনারী | মোট | |
| ৩৬ | ৩৭ | ৩৮ | ৩৯ | ৪০ | ৪১ | ৪২ | ৪৩ | ৪৪ | ৪৫ |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |

* Job প্রাপ্তদের তালিকা (নাম, ঠিকানা, মোবাইল নং, Job প্রাপ্ত প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও পদবীসহ) সংযুক্ত করার প্রয়োজন হবে।
* যারা আত্মকর্মসংস্থানে নিয়োজিত হয়েছেন তাদের (নাম, ঠিকানা, প্রকল্পের ঠিকানা, প্রকল্প হতে মাসিক নীট আয়) সংযুক্ত করার প্রয়োজন পড়বে।

স্বাক্ষরঃ
প্রস্তুতকারীর নামঃ
পদবীঃ

স্বাক্ষরঃ
কর্মকর্তার নামঃ
পদবীঃ

Logo of MoU

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ক্রমিক নং ..........................

যুব উন্নয়ন অধিদপ্তর

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

# সনদপত্র

প্রত্যয়ন করা যাচ্ছে যে, জনাব/বেগম ..........................................................................................................................

জাতীয় পরিচয় পত্র/ জন্ম নিবন্ধন নম্বর ............................................................ পিতা / স্বামী ..........................................................................

মাতা .............................................................. যুব উন্নয়ন অধিদপ্তরাধীন ................................................ যুব প্রশিক্ষণ কেন্দ্রে / জেলা প্রশিক্ষণ কেন্দ্রে /

সমঝোতা স্মারক প্রতিষ্ঠান ............................................................................কেন্দ্র.............................. খ্রিঃ তারিখ হতে .......................... খ্রিঃ তারিখ

পর্যন্ত অনুষ্ঠিত ................................................................................................ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করে ................ গ্রেডে উত্তীর্ণ হয়েছেন।

কর্মই জীবন

ডেপুটি কো-অর্ডিনেটর / কো-অর্ডিনেটর / উপ-পরিচালক

............................................ প্রশিক্ষণ কেন্দ্র

............................................ জেলা।

সমঝোতা স্মারক প্রতিষ্ঠান প্রধান

........................................

**মহাপরিচালক**

যুব উন্নয়ন অধিদপ্তর

ঢাকা

Logo of MoU

GOVERNMENT OF THE PEOPLE`S REPUBLIC OF BANGLADESH
**DEPARTMENT OF YOUTH DEVELOPMENT**
**MINISTRY OF YOUTH & SPORTS**

Sl. No ..........................

# CERTIFICATE

This is to certify that Mr/Ms ..........................................................................................................................

National ID/ Birth Registration No ............................................ Father / Husband ..........................................................

Mother ..................... .................................................................................. has successfully completed a training course

on ........................................................................................................... held from ............................to............................

at Youth Training Centre / District Training Centre / MoU Institute ..........................................................................

and has attained .............................. Grade.

কর্মই জীবন

| Deputy Co-ordinator / Co-ordinator / Deputy Director | **Head of MoU** | **Director General** |
| --- | --- | --- |
| Youth Training Centre/ District Training Centre | ................................ | Department of Youth Development |
| District ........................................................... | ............................ | Dhaka |